দৈনিক
জনকণ্ঠ

তারিখ 24 MAR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৬

# সরকারী কলেজ পাবলিক ভার্সিটির অধীনে না নেয়ার দাবি

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সরকারী কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার উদ্যোগ সমর্থনযোগ্য নয় বলে জানিয়েছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অন্যতম বৃহত এ সংগঠনের নেতৃবৃন্দ শনিবার সংবাদ সম্মেলনে নিজেদের অবস্থানের কথা জানিয়েছেন। তারা বলেছেন, সরকারী কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতায় নিলে উচ্চ শিক্ষাক্ষেত্রে আবার বৈষম্যের সৃষ্টি হবে। সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে একই সঙ্গে জাতীয় বেতন স্কেল প্রবর্তনের সময় থেকেই এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে তা কার্যকর করাসহ ১১ দফা দাবি তুলে ধরেছেন। মুক্তমনা দশজন বিশিষ্ট নাগরিককে যারা হত্যার হুমকি দিয়েছে তাদের অবিলম্বে গ্রেফতার করারও দাবি জানিয়ে শিক্ষক নেতারা বলেছেন, এভাবে ব্লগার হত্যা, বিশিষ্ট নাগরিকদের প্রাণনাশের হুমকি চলতে থাকলে দেশ বুদ্ধিজীবীশূন্য হয়ে পড়বে।